

📖 সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৪৮৫৩

৬৫/ কুরআন মাজীদে তাফসীর (كتاب التفسير)

পরিচ্ছেদঃ ৬৫/৫২/১. পরিচ্ছেদ নাই।

بَاب

আরবী

عَبْدُ اللَّهِ بْنُ يُوسُفَ أَخْبَرَنَا مَالِكٌ عَنْ مُحَمَّدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ نَوْفَلٍ عَنْ عُرْوَةَ عَنْ زَيْنَبَ بِنْتِ أَبِي سَلَمَةَ عَنْ أُمِّ سَلَمَةَ قَالَتْ شَكَوْتُ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنِّي أَشْتَكِي فَقَالَ طُوفِي مِنْ وَرَاءِ النَّاسِ وَأَنْتِ رَاكِبَةٌ فَطُفْتُ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي إِلَى جَنْبِ الْبَيْتِ يَقْرَأُ بِالطُّورِ وَكِتَابِ مَسْطُورٍ.

বাংলা

(51) سُورَةُ وَالذَّارِيَاتِ

সূরাহ (৫১) : আয্ যারিয়াত

قَالَ عَلِيُّ عَلَيْهِ السَّلَامُ (الذَّارِيَةُ) الرِّيحُ وَقَالَ غَيْرُهُ (تَذَرُوهُ) تَفَرِّقُهُ (وَفِيئَانْفُسِكُمْ أَفَلَا تُبْصِرُونَ) تَأْكُلُ وَتَشْرَبُ فِي مَدْخَلٍ وَاحِدٍ وَيَخْرُجُ مِنْ مَوْضِعَيْنِ (فَرَاغٌ) فَرَجَعَ (فَصَكَّتْ) فَجَمَعَتْ أَصَابِعَهَا فَضْرَبَتْ بِهِ جَنْبَهَا (وَالرَّمِيمُ) نَبَاتُ الْأَرْضِ إِذَا يَبَسَ وَدَيْسَ (لَمْ يُسْعُونَ) أَيِ لَذُو سَعَةٍ وَكَذَلِكَ عَلَى الْمُوسِعِ قَدَرُهُ يَعْنِي الْقَوِيُّ خَلَقْنَا (زَوْجَيْنِ) الذَّكَرَ وَالْأُنثَى وَاخْتِلَافُ الْأَلْوَانِ حُلُوٌ وَحَامِضٌ فَهُمَا زَوْجَانِ (فَفَرُّوْا إِلَى اللَّهِ) مِنْ اللَّهِ إِلَيْهِ (إِلَّا لِيُعْبَدُونَ) مَا خَلَقْتُ أَهْلَ السَّعَادَةِ مِنْ أَهْلِ الْفَرِيقَيْنِ إِلَّا لِيُوجِدُونَ وَقَالَ بَعْضُهُمْ خَلَقَهُمْ لِيَفْعَلُوا فَعَلْ بَعْضٌ وَتَرَكَ بَعْضٌ وَلَيْسَ فِيهِ حُجَّةٌ لِأَهْلِ الْقَدَرِ (وَالذَّنُوبُ) الدَّلُّ الْعَظِيمُ وَقَالَ مُجَاهِدٌ (ذُنُوبًا) سَبِيلًا (صِرَّةً) صِيحَةً (الْعَقِيمُ) الَّتِي لَا تَلِدُ وَلَا تُلْقِحُ شَيْئًا وَقَالَ ابْنُ عَبَّاسٍ (وَالْحُبُّكَ) اسْتَوَاوُهَا وَحُسْنُهَا (فِيغْمَرَةً) فِي ضَلَالَتِهِمْ يَتِمَادُونَ وَقَالَ غَيْرُهُ (تَوَاصَوْا) تَوَاطَبُوا وَقَالَ (مُسَوِّمَةً) مُعَلِّمَةً مِنَ السِّيمَا (قَتْلًا لِإِنْسَانٍ) لِعِن.

আলী (রাঃ) বলেছেন, الرِّيحُ বায়ুরাশি। অন্যদের হতে বর্ণিত। تَذَرُوهُ মানে তাকে বিচ্ছিন্ন করে দেয়। وَفِيئَانْفُسِكُمْ তোমাদের মধ্যেও নিদর্শন রয়েছে, ("তোমরা কি অনুধাবন করবে না?) অর্থাৎ তোমরা খানাপিনা কর এক পথে এবং তা বের হয় দু'পথ দিয়ে। فَرَاغٌ মানে সে ফিরে এল। فَصَكَّتْ সে মুষ্টি বন্ধ করে নিজ কপালে মারল। الرَّمِيمُ যমীনের উদ্ভিদ যখন শুকায় এবং তা মাড়াই করা হয়। لَمْ يُسْعُونَ অবশ্য সম্প্রসারণকারী।

এমনিভাবে **قَدَرَهُ عَلَى الْمُوسِعِ قَدَرُهُ** অর্থাৎ সামর্থ্যবান। **زَوْجَيْنِ** নারী-পুরুষ, আলাদা আলাদা বর্ণের এবং মিষ্টি ও টক উভয়কেই **زَوْجَانِ** বলা হয়। **إِلَى اللَّهِ** আল্লাহর নাফরমানী ত্যাগ করে তোমরা আল্লাহর আনুগত্যের পানে এসো। **إِلَّا لِيُعْبُدُنِي** মানুষ ও জিন উভয় সম্প্রদায়ের মধ্যে যারা ভাগ্যবান, তাদেরই আমার তাওহীদের উপর বিশ্বাস স্থাপনের জন্য সৃষ্টি করেছি। কোন কোন মুফাসসির বলেছেন, এর অর্থ হচ্ছে, তাদের সকলকেই আল্লাহর বন্দেগীর জন্য সৃষ্টি করেছেন, কিন্তু কেউ তা করেছে আর কেউ তা ত্যাগ করেছে। এ আয়াতে মুতাযিলাদের জন্য তাদের পক্ষে কোন প্রমাণ নেই। **الذُّنُوبُ** বড় বালতি। মুজাহিদ বলেন, **صَرَّةٌ** চীৎকার। **ذُنُوبًا** রাস্তা। **الْعَقِيمُ** যে নারী সন্তান জন্ম দেয় না। ইবনু আব্বাস (রাঃ) বলেন, **الْحُبُّ** আকাশের সুবিন্যস্ততা ও তার সৌন্দর্য। **فِيْغَمْرَةٍ** নিজেদের ভুলের দিকে ধাবিত হচ্ছে। অন্য হতে বর্ণিত যে, **تَوَاصَوْا** একে অপরের সঙ্গে একাত্মতা প্রকাশ করছে আরও বলেছেন, **مُسُومَةٌ** চিহ্নিত। **مُسُومَةٌ** শব্দটি **السِّيمَاءِ** থেকে উদ্ভূত। **قَتَلَ الْإِنْسَانَ** অভিশপ্ত।

(52) **سُورَةُ الطُّورِ**

সূরাহ (৫২) : আত-তুর

وَقَالَ قَتَادَةُ (مَسْطُورٍ) مَكْتُوبٌ وَقَالَ مُجَاهِدٌ (الطُّورُ) الْجَبَلُ بِالسُّرْيَانِيَّةِ (رَقٍّ مِّنْشُورٍ) صَحِيفَةً (وَالسَّقْفِ) الْمَرْفُوعِ سَمَاءً (الْمَسْجُورِ) الْمُوقَدِ وَقَالَ الْحَسَنُ (تُسَجَّرُ) حَتَّى يَذْهَبَ مَاؤُهَا فَلَا يَبْقَى فِيْهَا قَطْرَةٌ وَقَالَ مُجَاهِدٌ (الْتَنَاهُمْ) نَقَصْنَا وَقَالَ غَيْرُهُ (تَمُورٌ) تَدُورُ (أَحْلَامُهُمْ) الْعُقُولُ وَقَالَ ابْنُ عَبَّاسٍ (الْبُرِّ) اللَّطِيفُ (كِسْفًا) قِطْعًا (الْمُنُونُ) الْمَوْتُ وَقَالَ غَيْرُهُ يَتَنَازَعُونَ (يَتَعَاطُونَ).

ক্বাতাদাহ (রহ.) বলেন, **مَسْطُورٌ** লিখিত। মুজাহিদ (রহ.) বলেন, সুরয়ানী ভাষায় পর্বতকে **طُورٌ** বলা হয়। **السَّقْفِ الْمَرْفُوعِ** (উন্মুক্ত) সর্বাঙ্গী **السُّرْيَانِيَّةِ** (উন্মুক্ত) সর্বাঙ্গী **الْمَسْجُورِ** জ্বলন্ত। হাসান (রহ.) বলেন, (সমুদ্র) জ্বলে উঠবে। ফলে সমস্ত পানি ফুরিয়ে যাবে এবং এক ফোঁটা পানি থাকবে না। মুজাহিদ (রহ.) বলেন, **الْتَنَاهُمْ** আমি হ্রাস করেছি। অন্যান্য মুফাসসির বলেছেন, **تَمُورٌ** আন্দোলিত হবে। **أَحْلَامُهُمْ** বুদ্ধি। ইবনু আব্বাস (রাঃ) বলেন, **الْبُرِّ** দয়ালু। **كِسْفًا** খন্ড **الْمُنُونُ** মৃত্যু। অন্যান্য মুফাসসির বলেছেন, **يَتَنَازَعُونَ** তারা আদান-প্রদান করবে।

৪৮৫৩. উম্মু সালামাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে নিবেদন করলাম যে, আমি অসুস্থ। তিনি বললেন, তুমি সওয়ার হয়ে লোকদের পেছনে তাওয়াফ করে নাও। তখন আমি তাওয়াফ করলাম। এ সময় রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম কা'বার এক পার্শ্বে দাঁড়িয়ে সালাত আদায় করছিলেন এবং **مَسْطُورٍ وَكِتَابِ الطُّورِ** তিলাওয়াত করছিলেন। [৪৬৪] (আধুনিক প্রকাশনীঃ ৪৪৮৬, ইসলামিক ফাউন্ডেশনঃ ৪৪৮৯)

English

Narrated Um Salama:

I complained to Allah's Messenger (ﷺ) that I was sick, so he said, "Perform the Tawaf (of Ka`ba at Mecca) while riding behind the people (who are performing the Tawaf on foot)." So I performed the Tawaf while Allah's Messenger (ﷺ) was offering the prayer by the side of the Ka`ba and was reciting: 'By the Mount (Saini) and by a Decree Inscribed.'

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ উম্মু সালামাহ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=29367>

📖 হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন